

অধ্যক্ষের কার্যালয়  
সরকারি ব্রজমোহন কলেজ  
বরিশাল।

২০২১-২০২২ শিক্ষাবর্ষে ১ম বর্ষে স্নাতক(সম্মান) কোর্সে ২য় রিলিজ স্লিপের মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের ভর্তি বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২১-২০২২ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক(সম্মান) ২য় রিলিজ স্লিপের মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের ভর্তি-০৪/১০/২০২২ থেকে ১৩/১০/২০২২ ইং তারিখ পর্যন্ত (সরকারি ছুটির দিন ব্যতীত)।

ভর্তি সংক্রান্ত নিয়মাবলীঃ

১। ক) জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট [www.nu.ac.bd/admissions](http://www.nu.ac.bd/admissions) এ Application Login অপশনে Honours Login লিংকে গিয়ে সঠিক রোল নম্বর ও পিন এন্ট্রি দিলে আবেদনকারীর নাম, বরাদ্দকৃত বিষয়, কলেজের নাম ও অন্যান্য তথ্যসহ আবেদন ফরম প্রদর্শিত হবে। সঠিক তথ্যপূর্ণ ভর্তির আবেদন ফরমটি submit Application অপশনে ক্লিক করলে ভর্তির চূড়ান্ত আবেদন ফরম প্রদর্শিত হবে। উক্ত ফরমটি ডাউনলোড করে দুই কপি A4 সাইজের অপসেট কাগজে প্রিন্ট করতে হবে।

খ) কলেজ কর্তৃক ধার্যকৃত ফি পরিশোধ করে উল্লিখিত সময়ের মধ্যে এইচ.এস.সি পরীক্ষার মূল নম্বরপত্রসহ চূড়ান্ত ভর্তির আবেদন ফরমের ০২(দুই) কপি স্ব স্ব বিভাগে জমা দিতে হবে।

ভর্তি ফি ডাচ বাংলা ব্যাংক মোবাইল ব্যাংকিং Rocket এ জমা দিতে হবে;

বিএ/বিএসএস/বিবিএ (সকল বিষয়)	রসায়ন ও গণিত	পদার্থ ও পরিসংখ্যান	উদ্ভিদ ও প্রাণি বিদ্যা	মৃত্তিকা বিজ্ঞান
৩২২৫.০০	৩৩২৫.০০	৩২৭৫.০০	৩২২৫.০০	৩১৭৫.০০

সেমিনার, ল্যাবরেটরী ও শিক্ষা সফর ফি স্ব স্ব বিভাগে জমা দিতে হবে। উক্ত তারিখের মধ্যে স্ব স্ব বিভাগে সেমিনার ও শিক্ষা সফর ফিসহ চাহিত কাগজপত্র জমা না দিলে ভর্তি নিশ্চয়ন হবে না।


২। ডাচ বাংলা ব্যাংক মোবাইল ব্যাংকিং Rocket এর মাধ্যমে ভর্তি ফি জমা দেয়ার নিয়ম :

Biller ID	Bill Number
Biller ID এর জায়গায় 3500 লিখতে হবে	Bill Number এর জায়গায় ভর্তি ফরমের উল্লিখিত 7 digits ভর্তি রোল নম্বর ও মোবাইল নম্বর লিখতে হবে।

ফি জমা দেওয়ার পর শিক্ষার্থী ডাচ বাংলা ব্যাংক Rocket থেকে একটি SMS পাবে। টাকা জমা দেওয়ার ক্ষেত্রে ভুলের কারণে ভর্তি বাতিল হলে কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

৩। ২য় রিলিজ স্লিপের মেধা তালিকায় স্থানপ্রাপ্ত ভর্তিইচ্ছুক শিক্ষার্থী ২০২০-২১ শিক্ষাবর্ষে কোন শিক্ষা কার্যক্রমে ভর্তি হয়ে থাকলে তাকে অবশ্যই ১২ অক্টোবর, ২০২২ তারিখের মধ্যে পূর্ববর্তী শিক্ষাবর্ষের ভর্তি বাতিল করে অনলাইনে চূড়ান্ত ভর্তি ফরম পূরণ করতে হবে। অন্যথায় দ্বৈত ভর্তির কারণে শিক্ষার্থীর ২০২১-২০২২ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক(সম্মান) শ্রেণির ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে। এছাড়া ২য় রিলিজ স্লিপের মেধা তালিকায় স্থানপ্রাপ্ত ভর্তিইচ্ছুক শিক্ষার্থীদের বিষয় পরিবর্তন করার কোন সুযোগ থাকবে না।

বিঃদ্র: বিস্তারিত নিয়মাবলী স্ব স্ব বিভাগে পাওয়া যাবে। সকল শিক্ষার্থীদের বেতন, সেশন চার্জসহ নির্ধারিত ফি ডাচ বাংলা ব্যাংক মোবাইল ব্যাংকিং Rocket এর মাধ্যমে জমা দিতে হবে। মোবাইল ব্যাংকিং চার্জ বাবদ ২০/- টাকা অতিরিক্ত জমা দিতে হবে।

  
(প্রফেসর ড. মোহাম্মদ গোলাম কিবরিয়া)  
অধ্যক্ষ

সরকারি ব্রজমোহন কলেজ, বরিশাল।